স্মারক-পদ/পক/এইচআরএ/ট্রেনিং/২০২২/২৯৮৫ তারিখ : ০৬ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

# অফিস স্মারক

**বিষয় ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২২" উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহীত বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র : ১. এমআরএ ৫৩.০৪.০০০০.০০১.০৬.০২১.২২-১৫৮৯ তারিখ: ২৮ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ
২.পিকেএসএফ ৫৩.২৩.০০০০.০৩১.০২.০০০.২২. ৪৬১৩ তারিখ: ৩১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে সংস্থায় কর্মরত সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে মাসব্যাপী শোকপালন এবং ১৫ আগস্টের সকল শহীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনসহ **"জাতীয় শোক দিবস ২০২২"** পালন উপলক্ষ্যে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নর জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো-

ক। প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের **সংযুক্তি-০১** এর নির্দেশনা মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী ও "জাতীয় শোক দিবস ২০২২" উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

খ। বর্ণিত সকল কর্মসূচী স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত সর্বশেষ কোভিড-১৯ স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে জনসমাবেশ পরিহার ও সামাজিক দূরত্ব বজায় রেখে জাতীয় কর্মসূচীর আলোকে যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়ন করা।

গ। উল্লেখিত নির্দেশনার আলোকে সংশ্লিষ্টদের প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষ্যে কর্মসূচী বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা।

ঘ। প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের প্রদত্ত নির্দেশনা মোতাবেক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করার লক্ষ্যে স্ব স্ব তত্ত্বাবধায়কের পরামর্শের আলোকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

P-264

ঙ। সংস্থার প্রধান কার্যালয় ও সকল ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক **জাতীয় শোক দিবস-২০২২** পালন পরবর্তী তথ্য, ছবি, পেপার ক্লিপিং, ভিডিও ইত্যাদি ডকুমেন্টস ৩১ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে **ই-মেইল: shazedur@padakhep.org এবং communication@padakhep.org এই ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো।**

গৃহীত পরিকল্পনা (**সংযুক্তি-০১** ) ও নির্দেশনা মোতাবেক অন্যান্য কর্মসূচীসহ উক্ত দিবস পালন করার জন্য সকলকে বলা হলো। উপর্যুক্ত বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে জনাব মো: সাজেদুর রহমান, সহকারী ব্যবস্থাপক, এইচআরএ, মোবাইল নং: **০১৭৭৭-৭৯১১৯০** এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

অত্র অফিস আদেশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশ দেয়া যাচ্ছে।

(মো: সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

সংযুক্তি : পত্রের বর্ণনা মোতাবেক

**অনুলিপিঃ (অবগতি ও কার্যার্থে)**

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সহকারী পরিচালক, আইসিটি বিভাগ ও তত্ত্বাবধায়ক, এমআইএস ইউনিট, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪. সংস্থার সকল কর্মী/কর্মকর্তাবৃন্দ ।
৫. অফিস কপি।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৭৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

P-263

**পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র**
**মানব সম্পদ ও প্রশাসন বিভাগ**

সংযুক্তি-০১

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকী ও "জাতীয় শোক দিবস ২০২২" উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচীর তালিকা

| ক্র: নং | কর্মসূচীর বিবরণ | বাস্তবায়নের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাস ব্যাপী সংস্থার সকল কর্মী/কর্মকর্তাদের কালো ব্যাজ ধারণ করা। | ০১-৩১ আগস্ট, ২০২২ | সংস্থায় কর্মরত সকল কর্মী/ কর্মকর্তাবৃন্দ। |
| ০২ | **সংযুক্ত-০২** এ প্রদত্ত নমুনা অনুসারে ব্যানার প্রস্তুত করে সংস্থার সকল কার্যালয়ের দেয়াল/অফিসের সামনে উন্মুক্ত স্থানে মাস ব্যাপী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা। | ০১-৩১ আগস্ট, ২০২২ | সংস্থার সকল কর্মস্থল অর্থাৎ প্রধান কার্যালয়, ব্রাঞ্চ, এরিয়া, জোন ও প্রকল্প অফিস প্রধানগণ। |
| ০৩ | সংস্থার সকল কার্যালয় ভবনে ১৫ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ দিনের শুরুতে জাতীয় পতাকা (পতাকার সাইজ: ৫'×৩') অর্ধনমিত রাখা। | ১৫ আগস্ট, ২০২২ | সংস্থার সকল কর্মস্থল অর্থাৎ ব্রাঞ্চ, এরিয়া, জোন ও প্রকল্প অফিস প্রধানগণ। |
| ০৪ | ক) সংস্থার গোপালগঞ্জ এরিয়া, টুঙ্গীপাড়া ব্রাঞ্চ কর্তৃক বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা।<br>খ) প্রধান কার্যালয় কর্তৃক ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জাপন এবং<br>গ) সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহ কর্তৃক স্থানীয় পর্যায়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা। | ১৫ আগস্ট, ২০২২ | ক) গোপালগঞ্জ সদর ব্রাঞ্চ এবং টুঙ্গীপাড়া ব্রাঞ্চ<br>খ) প্রধান কার্যালয়<br>গ) প্রধান কার্যালয়সহ সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিসে কর্মরত কর্মী/কর্মকর্তাবৃন্দ। |
| ০৫ | সংস্থার সকল জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রকল্প অফিস সমূহে কর্মরত কর্মী/কর্মকর্তাদের ১৫ আগস্ট, ২০২২ তারিখে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করা। | ১৫ আগস্ট, ২০২২ | সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার এবং সংশ্লিষ্ট সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন ও প্রকল্প অফিস প্রধানগণ। |
| ০৬ | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাঠ পর্যায়ের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার এবং প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক থেকে তদোর্ধ্ব কর্মকর্তাদের নিয়ে ভার্চুয়ালী **"বঙ্গবন্ধুর দর্শন ও বাংলাদেশের অর্থনৈতিক ভিত্তি"** বিষয়ক প্রবন্ধ উপস্থাপন, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | মানব সম্পদ ও প্রশাসন বিভাগ এবং আইসিটি ডিভিশন। |
| ০৭ | Social Media তে **"বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ"** বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | জনাব মাসুক উর রহমান, সিনিয়র ম্যানেজার (কমিউনিকেশন) পিসিপিডি সেল, এমএফ উইং। |

পদক্ষেপ

03.08.22
Dalia Ashraf Asma
Staff ID No # 0000400100
HR & Admin Division
Senior Assistant Director (HRD)
Padakhep Manabik Unnayan Kendra

Md. Sayedul Islam
ID No. 0000560
Deputy Director
HR & Admin Division
Padakhep Manabik Unnayan Kendra

Recommended Digitally
Muhammad Risalat Siddique
Director, Microfinance
Padakhep Manabik Unnayan Kendra

3/8/2022
Md. Saleh Bin Sums
Executive Director
Padakhep Manabik Unnayan Kendra

P-262

# পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

| ক্র: নং | কর্মসূচীর বিবরণ | বাস্তবায়নের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ০৮ | দরিদ্র অসহায় মানুষ ও এতিমদের মাঝে মানবিক সহায়তা ও খাদ্য সামগ্রী বিতরণ করা। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারবৃন্দ |
| ০৯ | স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য ও চিকিৎসা উপকরণ বিতরণ, মানবিক সহায়তা প্রদান এবং স্বাস্থ্য ক্যাম্প ও চক্ষু শিবির (Eye Camp) এর মাধ্যমে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারবৃন্দ |
| ১০ | বিভিন্ন বিদ্যালয়ের শিশু/কিশোরদের মাঝে বিনামূল্যে **বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ** বিষয়ক বই বিতরণ। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | মানব সম্পদ ও প্রশাসন বিভাগ এবং জনাব মাসুক উর রহমান, সিনিয়র ম্যানেজার (কমিউনিকেশন) পিসিপিডি সেল। |
| ১১ | সংস্থার বিভিন্ন কার্যালয়ে/সুবিধাজনক স্থানে বৃক্ষরোপন এবং তা পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | আগষ্ট,২২ মাসের মধ্যে (সুবিধাজনক সময়ে) | সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারবৃন্দ |
| ১২ | Website, Social Media তে জাতির পিতার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন | ০১-৩১ আগষ্ট, ২০২২ | জনাব মাসুক উর রহমান, সিনিয়র ম্যানেজার (কমিউনিকেশন) পিসিপিডি সেল। |
| ১৩ | সংস্থার কার্যক্রমভুক্ত অস্বচ্ছল সদস্যদের মেধাবী সন্তানদের বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি প্রদান করা । | সারা বছরব্যাপী | মানব সম্পদ ও প্রশাসন বিভাগ |
| ১৪ | **''জাতীয় শোক দিবস-২০২২''** পালন উপলক্ষ্যে বাস্তবায়িত কার্যক্রমসমূহের সচিত্র তথ্যাদি প্রধান কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে যথাসময়ে সরবরাহ করা। | ০১ সেপ্টেম্বর , ২০২২ | সংস্থার সকল কর্মস্থল অর্থাৎ প্রধান কার্যালয়, ব্রাঞ্চ, এরিয়া, জোন ও প্রকল্প অফিস প্রধানগণ |
| ১৫ | সংস্থা কর্তৃক গৃহিত ও বাস্তবায়িত কার্যক্রমসুহের আলোকচিত্র এর সফটকপি এবং কর্মসূচী উপলক্ষ্যে এতদসংক্রান্ত একটি প্রতিবেদন (পিকেএসএফ এর নির্ধারিত ছকে) প্রস্তুত করে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন এ প্রেরণ করা। | ০৭ সেপ্টেম্বর , ২০২২ | মানব সম্পদ উন্নয়ন ইউনিট, মানব সম্পদ ও প্রশাসন বিভাগ |
| ১৬ | **''জাতীয় শোক দিবস-২০২২''** উপলক্ষ্যে সংস্থা কর্তৃক গৃহিত ও বাস্তবায়িত কার্যক্রমসমূহের তথ্যাদির সচিত্র সফটকপি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি তে প্রেরণ করা। | ০৭ সেপ্টেম্বর, ২০২২ | মানব সম্পদ উন্নয়ন ইউনিট, মানব সম্পদ ও প্রশাসন বিভাগ |

03.08.22
Dalia Ashraf Asma
Staff ID No # 0000400100
HR & Admin Division
Senior Assistant Director (HRD)
Padakhep Manabik Unnayan Kendra

03.08.22
Md. Sayedul Islam
ID No # 0000300112
Deputy Director
HR & Admin Division
Padakhep Manabik Unnayan Kendra

Recommended Digitally
Muhammad Risalat Siddique
Director, Microfinance
Padakhep Manabik Unnayan Kendra

Md. Saleh Bin Sums
Executive Director
Padakhep Manabik Unnayan Kendra